



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
সংস্থাপন অধিশাখা  
www.cabinet.gov.bd



নম্বর: ০৪.০০.০০০০.৪১১.১১.০০৩.১৮.৪৯৩

তারিখ: ১৫ কার্তিক ১৪২৮  
৩১ অক্টোবর ২০২১

অফিস আদেশ

ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নব নিয়োগপ্রাপ্ত তের-বিশ গ্রেডভুক্ত কর্মচারীগণের অনেকেই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তরের প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে আবেদন করে থাকেন। অনেকের চাকরি হওয়ার পর বিষয়টি কর্তৃপক্ষকে জানানো হয়। সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৭ নম্বর অনুচ্ছেদে নিম্নরূপ উল্লেখ রয়েছে:

“কোন সরকারি কর্মচারী সরকারের তথা যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে সরকারি কার্য ব্যতীত অন্য কোন চাকরি বা কার্য গ্রহণ করতে পারবেন না”।

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মচারীগণকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তরের প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে আবেদন করার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করার জন্য এবং এছাড়া, যারা ইতোপূর্বে কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই আবেদন করেছেন তাদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে লিখিত/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বলা হলো। অন্যথায় তাদের বিরুদ্ধে সরকারি চাকরি আইন, ২০১৮ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

৩১-১০-২০২১

মুহাম্মদ লুৎফর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৪৯৯৫

ফ্যাক্স: ৯৫১২২১৩

ইমেইল:

establishment\_sec@cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১১.১১.০০৩.১৮.৪৯৩/১(৫০)

তারিখ: ১৫ কার্তিক ১৪২৮  
৩১ অক্টোবর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) যুগ্মসচিব (রুটিন দায়িত্ব), ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) এগার-ষোল গ্রেডভুক্ত কর্মচারী (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ